

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ১২তম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান
সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৫ সেপ্টেম্বর, ২০১৭
সময় : বেলা ১১.৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০, ভবন নং-৬)।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হ'ল।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির এক সভা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে সভায় নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপন করা হয়

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	গত সভার কার্যবিবরণী পঠন ও দৃষ্টিকরণ।	সভায় আগত সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে গত ২২/০৬/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হলো।	
২.২	দপ্তর/জেলা ও উপজেলা পর্যায়ে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট গণকে তৎপরতা বৃদ্ধিকরণ	ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের কার্যক্রম যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ফলোআপ করতে হবে।	ডিজি, ডিপিই
২.৩	দপ্তর/জেলা ও উপজেলা পর্যায়ে সেবা গ্রহিতাদের চাহিদা পূরণের লক্ষ্যে গণশুনানী গ্রহণ। দপ্তর/ অফিসের দৃশ্যমান স্থানে অভিযোগ বাক্স স্থাপন গণশুনানির রিপোর্ট এবং অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগের বিবরণী প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ।	(ক) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গণশুনানী অব্যাহত রাখতে হবে। খ) নির্দেশনা অনুযায়ী বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ প্রতিমাসের শেষ কার্যদিবসে গণশুনানী গ্রহণ করছেন কিনা তা নিয়মিত মনিটরিং করতে হবে। গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষন ইউনিট ও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)-কে অনুরূপভাবে মাসে একবার গণশুনানীর ব্যবস্থা করতে হবে।	ক) ডিজি, ডিপিই খ) ডিজি, ডিপিই গ) ডিজি, সিপিই, বিএনএফই, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)।


ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.৪	প্রাথমিক বিদ্যালয়ে Assembly এর সময় অথবা প্রতিটি শ্রেণিতে ক্লাশ শুরুর পূর্বে প্রথম ১০ মিনিট নৈতিকতা সম্পর্কে শিক্ষার্থীদের সাথে আলোচনা, Parents day অনুষ্ঠান এবং নৈতিকতার বিষয়ে আলোচনা।	ক) মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের অফিসে আসার পথে আকস্মিকভাবে যে কোন প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করতে হবে। পরিদর্শন করতে গিয়ে আত্মশুদ্ধিমূলক বাণী (জাতীয় সংগীত ও পতাকা উত্তোলনসহ) প্রচার হয় কিনা তা যাচাই করতে হবে। Assembly এর সময় শিক্ষকগণ উপস্থিত থেকে শপথ বাক্য পাঠ করান কিনা দেখতে হবে।	ক) ডিজি, (সকল) বিভাগীয় উপ-পরিচালক (সকল), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
২.৫	নৈতিকতা শিক্ষা কার্যক্রম জোরদার করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি নীতিমালা প্রণয়ন বিষয়ে আলোচনা।	আগামী সভার পূর্বে নীতিমালা প্রণয়নের কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত হয়।	ডিজি, ডিপিই/নেপ
২.৬	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তর প্রধানদের অংশগ্রহণে অনুষ্ঠেয় মাসিক সমন্বয় সভায় আলোচনা।	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আলোচনা অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)
২.৭	শুদ্ধাচার কৌশল সম্পর্কিত তথ্য প্রেরণ	শুদ্ধাচার কৌশল সম্পর্কিত তথ্য নির্ধারিত ছকে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) ডিজি, (সকল)

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আসিফ-উজ্জ-জামান)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
- ০৭। যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। উপ-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। পরিসংখ্যান কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৯১